গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস
পাবনা
cooperative.pabna.gov.bd

**নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : সোলাইমান বেগ
: জেলা সমবায় কর্মকর্তা
সভার তারিখ : ২৮ জানুয়ারি ২০২৪
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : জেলা সমবায় কার্যালয়, পাবনা
উপস্থিতি : ০৩ (তিন) জন

**নৈতিকতা কমিটির উপস্থিতি: পরিশিষ্ট-"ক"**

অদ্যকার সভায় সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নে নৈতিকতা কমিটি, জেলা সমবায় কার্যালয়, পাবনা কর্তৃক আলোচ্যসূচি মোতাবেক ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ১.১ নৈতিকতার সভার আয়োজনঃ নৈতিকতা কমিটির সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং তা বাস্তবায়ন হয়েছে মর্মে জানানো হয়। সভায় জানান হয় যে, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসের একটি করে নৈতিকতা কমিটির সভা করে সভার কার্যবিবরণী বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী-তে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক আলোচনা করা হয় এবং প্রতি ত্রৈমাসের কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীর নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসে ১টি করে নৈতিকতা কমিটির সভা করতে হবে।<br>২। প্রতি ত্রৈমাসে সভার কার্যবিবরণী বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | নৈতিকতা কমিটি |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভাঃ নৈতিকতার কমিটির সভাপতি জানান যে, ৩য় ত্রৈমাসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা করা সংক্রান্ত লক্ষ্যমাত্রা আছে। ৩য় ত্রৈমাসে এ সংক্রান্ত ১টি সভা আয়োজন করা হবে। | ১. ১ম কোয়াটারের লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর, ২০২৩ মাসে ০১টি সভার আয়োজন করা হয়েছে এবং ৩য় ত্রৈমাসে অবশিষ্ট ১টি করা হবে।<br>২। প্রশিক্ষক সভার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১.নৈতিকতা কমিটি<br>২. প্রশিক্ষক |
| | | ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/ মতবিনিময় আয়োজনঃ নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হলে পরিদর্শক জনাব মোঃ মতিউর রহমান সভাকে জানান যে, এ বিষয়ে প্রশিক্ষণের প্রশিক্ষণের এই ত্রৈমাসে নাই। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তীতে প্রশিক্ষণ অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। | ১.নৈতিকতা কমিটি<br>২. প্রশিক্ষক |
| | | ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডই ভুক্ত আকেজো মালামাল বিনষ্টকরন/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডই ভুক্ত আকেজো মালামাল বিনষ্টকরন/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে চলতি ত্রৈমাসে লক্ষ্যমাত্রা না থাকায় এ সংক্রান্ত কমিটি গঠন করা হয় নাই। পরবর্তী ত্রৈমাসে লক্ষ্যমাত্রা থাকায় এ বিষয়ে পদক্ষেপ নেয়া হবে। | ১. নৈতিকতা কমিটি। |
| ০২ | ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার | ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ১. ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২. ৩০ জুলাই ২০২৩ তারিখে ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে | ১. নৈতিকতা কমিটি।<br>২. অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর। |
| ০৩ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম | ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | ১. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করা চলমান আছে। | ১. নৈতিকতা কমিটি। |
| | | ৩.২ জেলাধীন প্রাথমিক সমবায় সমিতির ২০২২-২০২৩ অর্থ বছরে অডিট নোট যাচাই: ৩য় ত্রৈমাসে প্রাথমিক সমবায় সমিতির অডিট নোট যাচাই এর লক্ষ্যমাত্রা নাই। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তীতে প্রাথমিক সমবায় সমিতির অডিট নোট যাচাই এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ১.নৈতিকতা কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩.৩ জেলাধীন প্রাথমিক সমবায় সমিতির ২০২৩-২০২৪ সনে অনুষ্ঠিত নির্বাচন সংক্রান্ত কাগজপত্র যাচাই: ৩য় ত্রৈমাসে প্রাথমিক সমবায় সমিতির ২০২৩-২০২৪ সনে অনুষ্ঠিত নির্বাচন সংক্রান্ত কাগজপত্র যাচাই এর লক্ষ্যমাত্রা নাই। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তীতে প্রাথমিক সমবায় সমিতির অডিট নোট যাচাই এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ১. নৈতিকতা কমিটি |
| | | ৩.৪ ২য় ত্রৈমাসে ২০২৩-২৪ সালে নিবন্ধিত প্রাথমিক সমিতির কার্যক্রমে স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে জেলাধীন নিবন্ধন নথি যাচাই এর লক্ষ্যমাত্রা আছে। | ১. ২য় ত্রৈমাসে অক্টোবর/ ২০২৩ হতে ডিসেম্বর/ ২০২৩ মাসে জেলাধীন উপজেলা সমবায় দপ্তরে রক্ষিত প্রাথমিক সমবায় সমিতির ২০২৩-২৪ সালে নিবন্ধিত প্রাথমিক সমিতির কার্যক্রমে স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে জেলাধীন নিবন্ধন নথি যাচাই এর লক্ষ্যমাত্রা আছে।। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জেলা সমবায় কর্মকর্তা, পাবনার সাথে আলোচনাপূর্বক উপজেলায় এ সংক্রান্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. নৈতিকতা কমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০১-২০২৪
: সোলাইমান বেগ
: জেলা সমবায় কর্মকর্তা
০২৫৮৮৮৪৬১৮২
dco.pabna@coop.gov.bd

তারিখ: ১৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৭.৬১.৭৬০০.০০০.১৬.০০৭.২১.২০৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোঃ আব্দুল মোত্তালেব, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় অফিস, পাবনা;
২। জনাব মোঃ মতিউর রহমান, পরিদর্শক, জেলা সমবায় অফিস, পাবনা;
৩। জনাব মোঃ আবুল হোসেন, সরজমিনে তদন্তকারী, জেলা সমবায় অফিস, পাবনা এবং
৪। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা সমবায় অফিস, পাবনা (তাঁকে সভার কার্যবিবরণী যথাসময়ে জেলা সমবায় কার্যালয় পাবনার ওয়েবপোর্টালে আপলোড করার জন্য বলা হলো)।

৩০-০১-২০২৪
সোলাইমান বেগ
জেলা সমবায় কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) হাজিরা